# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩
www.mymensingheducationboard.gov.bd


---

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০৪/২০২০/১১৫ তারিখঃ ০৮/০৭/২০২৫ খ্রি.

**বিষয়ঃ ২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ১০ জুলাই ২০২৫ তারিখ বেলা ০২:০০ টায় এসএসসি পরীক্ষা ২০২৫-এর ফল স্ব স্ব প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশ করা হবে। নিম্নে উল্লিখিত যে কোন পদ্ধতিতে স্ব স্ব প্রতিষ্ঠানের Result sheet download করা যাবে।

(১) ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.mymensingheducationboard.gov.bd -এ প্রবেশ করে SSC-2025 Result বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet download করা যাবে।

(২) পরীক্ষার্থীরা www.mymensingheducationboard.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে SSC-2025 Result বাটনে ক্লিক করে রোল ও রেজিষ্ট্রেশন নম্বরের মাধ্যমে Result sheet download করতে পারবে।

(৩) পরীক্ষার ফল প্রকাশের পর SMS-এর মাধ্যমে নিম্নলিখিত উপায়ে ফল সংগ্রহ করা যাবে -
SSC <Space> Board Name (First 3 Letters) <Space> Roll <Space> Year টাইপ করে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।
উদাহরণঃ SSC Mym 123456 2025 Send to 16222

(৪) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল ডাউনলোড করে প্রকাশ করার জন্য www.educationboardresults.gov.bd ওয়েবসাইটের Result কর্ণার-এ ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের EIIN-এর মাধ্যমে ফল ডাউনলোড করার পরামর্শ দেয়া হলো।

(৫) পুনঃনিরীক্ষণের জন্য জন্য SMS এর মাধ্যমে ১১ জুলাই ২০২৫ খ্রি. তারিখ থেকে ১৭ জুলাই ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লি. প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।

(৬) ফল প্রকাশের দিন থেকে পুনঃনিরীক্ষণের ফল প্রকাশের পরবর্তী ০৭ (সাত) দিন পর্যন্ত বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর এ বোর্ডের ওয়েবসাইট প্রদর্শিত হবে। বর্ণিত তারিখের পর বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর প্রদর্শিত হবে না। **তাই ফলপ্রার্থীদের ওয়েবসাইটে প্রাপ্ত টেলিটক নম্বরপত্র (বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর) প্রিন্ট করে রাখা জরুরি।**

(৭) উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

০৮/০৭/২৫


(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
ফোন ঃ ০২-৯৯৭৭১০৪৪২
ইমেইলঃ conbisemym@gmail.com


কেন্দ্র সচিব/ প্রতিষ্ঠান প্রধান
**ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র ও মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান**

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সভাপতি আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটি ও চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা;
৩। জেলা প্রশাসক,ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোণা/শেরপুর;
৪। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষ বোর্ডের আওতাধীন সকল জেলা;
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষ বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৭। অফিস কপি।